



Asian Productivity Organization “The APO in the News”

Name of publication: Bhorer Kagoj (21 September 2015, Bangladesh)

Page no.: 2

কৃষি উৎপাদনশীলতার উন্নয়ন ও গণমাধ্যমের ভূমিকা শীর্ষক জাতীয় কনফারেন্স শুরু

কাগজ প্রতিবেদক : এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) ও ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং শিল্প মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে গতকাল রোববার ঢাকার একটি হোটেলে ন্যাশনাল কনফারেন্স অন এনহ্যান্সিং মাস মিডিয়া প্রাকটিশনারস ইন নলেজ ট্রান্সফার টু ইমপ্রুভ এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি শীর্ষক তিন দিনব্যাপী জাতীয় কনফারেন্স শুরু হয়েছে।

দেশে কৃষি উৎপাদনশীলতার আধুনিকতা উদ্ভাবন এবং গণমাধ্যমের সক্রিয় ভূমিকা সম্পর্কে বিস্তারিত আলোচনার মধ্য দিয়ে শুরু হয় প্রথম দিনের পর্ব। দেশের কৃষি উন্নয়নে গণমাধ্যমের গুরুত্ব তুলে ধরে এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এর প্রোগাম অফিসার ড. শেখ তানভীর হোসেন বলেন, এটি একটি ন্যাশনাল কনফারেন্স যেখানে গণমাধ্যমে জড়িত সকলে মিলে দেশে কৃষির উৎপাদন বাড়াতে অগ্রণী ভূমিকা পালন করবেন। ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) ড. মো. নজরুল ইসলাম বলেন, এটি নিঃসন্দেহে দেশের কৃষি উৎপাদনে ব্যাপক অবদান রাখবে।

কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশনের (এনপিও) পরিচালক ড. মো. নজরুল ইসলাম, এপিওর প্রতিনিধি ড. শেখ তানভীর হোসেন এবং জাপানের চিবা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. টয়োজি কোজাই বক্তব্য রাখেন। অনুষ্ঠানে এপিও সেক্রেটারি জেনারেল মি. মারি আমানো জিডিওর মাধ্যমে বক্তব্য রাখেন। কনফারেন্সে গণমাধ্যম এবং কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি সংস্থা থেকে ৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করছেন। কনফারেন্সে মূল বক্তব্য উপস্থাপন করেন, জাপানের চিবা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. টয়োজি কোজাই।